



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিডিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd



স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫.১৭০

তারিখ: ০৮/০৯/২০২৫

বিজ্ঞপ্তি

'জাতীয় সমবায় পুরস্কার ২০২৪' এর মনোনয়ন আহবান


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৪ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এক্ষেত্রে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির প্রেশিভিন্যাস অনুযায়ী ১৪টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৪ (চার) জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা) ২০২৪ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়: কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. সংস্কয় ও ঋণদান/ক্রেডিট সমবায়: সংস্কয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. উৎপাদনমুখী সমবায়: দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;
৪. ব্যবসায়ী সমবায়: দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্দ সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;
৫. মুক্তিযোদ্ধা সমবায়: মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়: বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;
৭. মহিলা সমবায়: মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. পেশাভিত্তিক সমবায়: মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাক্সি-লারি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. গৃহায়ন/ বহুমুখী সমবায়: গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;
১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি: যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

আবেদন প্রক্রিয়া

১. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট www.rdc.gov.bd এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট www.coop.gov.bd বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে ০৮/০৯/২০২৫ তারিখ হতে পাওয়া যাবে।
২. আবেদন ফরম জমা: সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৬/০৯/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।


মুনিমা হাফিজ

নিবন্ধক ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)

আবেদনের শ্রেণি/ক্যাটাগরি**

১. সমবায় সমিতির নাম:
২. সমবায় সমিতির নিবন্ধন নং ও তারিখ:
৩. সমবায় সমিতির ঠিকানা:
৪. ব্যবস্থাপনা কমিটির ধরণ ও মেয়াদকাল:
৫. সমিতির অর্থনৈতিক অবস্থা-
 - ক) পরিশোধিত শেয়ার মূলধন (টাকায়)
 - খ) সংরক্ষিত তহবিল (টাকায়).....
 - গ) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়).....
 - ঘ) সঞ্চয় আমানত (টাকায়).....
৬. নিরীক্ষা সম্পাদনের তারিখ:
৭. সর্বশেষ নিরীক্ষা বর্ষে অর্জিত নিট মুনাফা:
৮. সামাজিক কার্যক্রমের বিবরণ:
৯. নিজস্ব কর্মচারীর সংখ্যা (যদি থাকে):
১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের
স্বাক্ষর.....
নাম:.....
মোবাইল নম্বর:.....
ই-মেইল:.....
তারিখ:.....

সভাপতির স্বাক্ষর.....
নাম:.....
মোবাইল নম্বর:.....
ই-মেইল:.....
তারিখ:.....

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোন একটি উল্লেখ করতে হবে।







